

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যর্জনা সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২১ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/০৬ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৭-আইন/২০২২—সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4)(b) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ০৬ এপ্রিল, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১০১-আইন/২০১০/২২৮০/কাস্টমস ও মূল্যক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্তসমূহের দফা (৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) আমদানিকারক শিল্প প্রতিষ্ঠান SUV (জীপ টাইপ) অনুর্ধ্ব ৩০০০ সি.সি. সেডানকার (sedan car) অনুর্ধ্ব ২০০০ সি.সি. এবং পিকআপ ও মাইক্রোবাস (সি.সি.নির্বিশেষে) এই চার ধরনের যানবাহনের মধ্যে সর্বোচ্চ ২ (দুই) টি যানবাহন আমদানি করিতে পারিবে :—

তবে শর্ত থাকে যে, BEPZA এই মর্মে প্রত্যয়ন করিবে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠানটিতে—

(ক) কমপক্ষে ১০ (দশ) লক্ষ মার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বিনেয়োগ করা হইয়াছে; এবং

(খ) কমপক্ষে ৫(পাঁচ) শত বাংলাদেশী নাগরিক কাজে নিয়োজিত রাখিয়াছে।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮১২১)

মূল্য : টাকা ৪.০০